নম্বর 198.8

নির্বাহী আদেশ

নির্বাহী আদেশ নং 198.8: কায়ুগা, জেফারসন, মনরো, নায়াগ্রা, অরলিন্স, ওসওয়েগো, সেন্ট লরেন্স, ওয়েইন কাউন্টিতে জরুরি অবস্থা অব্যাহত রাখা

যেখানে, নির্বাহী আদেশ নম্বর 198 অনুযায়ী, ব্যাপক বন্যা, প্রচন্ড ভাঙ্গন এবং অতিরিক্ত পানির প্রভাবে গৃহ এবং অন্যান্য আবাসিক পরিকাঠামো, ব্যবসা এবং সরকারী পরিকাঠামোতে অত্যাধিক ক্ষতির কারণে কায়ুগা, জেফারসন, মনরো, নায়াগ্রা, অর্লিন্স, অসওয়েগো, সেন্ট লরেন্স এবং ওয়েন কাউন্টিগুলিতে একটি জরুরি অবস্থার ঘোষণা করা হয়েছে;

যেখানে, অন্টারিও লেক এবং সেন্ট লরেন্স নদীতে ভয়াবহ মাত্রার বন্যা, ব্যাপক ভাঙ্গন এবং পানি সংশ্লিষ্ট ক্ষয়ক্ষতি উদ্বেগ সৃষ্টি করেছে, যা পরিকাঠামো, উপকূলের কাঠামোগুলি, প্রাকৃতিক বাঁধ এবং খাল বিপন্ন করে চলছে; এবং

যেখানে, রেসিলিয়েন্সি এবং অর্থনৈতিক উন্নয়ন উদ্যোগ কমিশন (Resiliency and Economic Development Initiative Commission) গৃহ, ব্যবসা এবং গুরুত্বপূর্ণ পরিকাঠামো রক্ষার জন্য জরুরী ভিত্তিতে অধিক প্রয়োজনীয় প্রকল্পসমূহ চিহ্নিত করেছে; নিরাপদ ন্যাভিগেশন চ্যানেল বজায় রাখার জন্য; এবং অন্টারিও লেক ও সেন্ট লরেন্স নদীর তীরবর্তী জনগোষ্ঠীর আশু ও দীর্ঘমেয়াদি ব্যবস্থাপনা নিশ্চিত করার জন্য।

কাজেই, এখন, অতএব, আমি, অ্যান্ড্রু এম. কুওমো, নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, নিউ ইয়র্ক স্টেটের সংবিধান ও আইন দ্বারা আমার কর্তৃত্ব বলে, 198 নং নির্বাহী আদেশ, এবং তার সকল শর্তাবলী, বিধি-নিষেধ, নির্দেশিকা এবং সনাক্তকৃত ব্যবস্থার সাময়িক স্থগিতাদেশ অনুযায়ী রাজ্যের ঘোষিত সংকটকালীন জরুরি অবস্থা সেই কার্যনির্বাহী আদেশ নং 198 এর তারিখ থেকে 14 আগস্ট 2020 পর্যন্ত বর্ধিত করলাম।

আমার স্বহস্তে প্রদত্ত এবং অ্যালবেনি শহরে স্টেটের

নিজস্ব সিলমোহর সহ দুই হাজার বিশ

সালের জুলাই মাসের পঞ্চদশতম দিনে

এটি প্রদান করা হলো।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব